# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-04-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচার পাঠ্যক্রমে ভর্তির জন্য রাজ্যে আজ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে।

২) চাকরীহারা গ্রুপ সি ও গ্রুপ ডি শিক্ষাকর্মীদের জন্য রাজ্য সরকারের মাসিক ভাতা ঘোষণার সমালোচনা করেছে বিরোধী দলগুলি। আন্দোলন জারি রাখার কথা ঘোষণা অনশনকারীদের।

৩) ভোটব্যাঙ্কের স্বার্থে তৃণমূল কংগ্রেস সরকার তোষণের রাজনীতি করছে বলে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং অভিযোগ করেছেন।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) গ্রীষ্মের মরসুমে পানীয়জল সরবরাহ স্বাভাবিক রাখতে সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার।

৬) আইপিএল ক্রিকেটে ইডেনে কলকাতা নাইট রাইডার্স এবং পাঞ্জাব কিংসের মধ্যে গতকালের ম্যাচটি বৃষ্টির কারণে পরিত্যক্ত হয়েছে।

---

রাজ্যের বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচার পাঠ্যক্রমে ভর্তির জন্য রাজ্যে আজ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে। সকাল ১১ টা থেকে দুপুর একটা পর্যন্ত অঙ্ক এবং দুপুর দুটো থেকে বিকেল চারটে পর্যন্ত পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ে পরীক্ষা চলবে। লক্ষাধিক পরীক্ষার্থীর জন্য প্রায় তিনশোটি কেন্দ্র খোলা হচ্ছে বলে West Bengal Joint Entrance Examinations Board সূত্রে খবর।

এদিকে, পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ও শিয়ালদা ডিভিশন আজ অন্যান্য দিনের মতই ইএমইউ লোকাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। মাতৃভূমি লোকাল চলবে রবিবারের সূচী অনুযায়ী।

অন্যদিকে, রাজ্য পরিবহন নিগম WBTC, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম SBSTC, এবং উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম NBSTC-ও আজ বিশেষ বাস পরিষেবা দেবে। সকাল সাড়ে আটটা থেকে ১১ টা পর্যন্ত এবং বিকেল সাড়ে তিনটে থেকে সাড়ে পাঁচটা পর্যন্ত অতিরিক্ত বাস চালানো হবে।

বোর্ডের তরফে সুষ্ঠুভাবের পরীক্ষা সম্পন্ন করার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে বলে রেজিস্ট্রার দিব্যেন্দু কর আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

------------------------

চাকরিহারা গ্রুপ C আর গ্রুপ D শিক্ষা কর্মীদের মাসিক ভাতা দেওয়া হবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ঘোষণা করেছেন। গতকাল নবান্ন সভা ঘরে মুখ্য সচিব মনোজ পন্থের ফোনে মুখ্যমন্ত্রী জানান, গ্রুপ সি কর্মীদের মাসে পঁচিশ হাজার আর গ্রুপ ডি কর্মীদের কুড়ি হাজার অর্থ সাহায্য করা হবে।

বাইট

------------------------

সরকারের সঙ্গে বৈঠকের পর খুশি নন চাকরিহারানো গ্রুপ-সি ও গ্রুপ-ডি শিক্ষাকর্মীরা। তাঁরা অনশন আন্দোলন চালিয়ে যাবেন বলে জানিয়েছেন। নবান্নে বৈঠকের পর শিক্ষাকর্মীদের প্রতিনিধি অনশনরত সুজয় সর্দার বলেন, গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মীদের আর্থিক অনুদান ৫ হাজার টাকা করে বাড়ানোর যে অনুরোধ করা হয়েছিল, তা বিবেচনা করার কথা জানিয়েছেন মুখ্যসচিব। বৈঠকে সরকারের কাছে যোগ্য ও অযোগ্য শিক্ষা কর্মীদের তালিকা চাওয়া হলেও, সরকার তা দিতে চায় নি বলে অভিযোগ করেন

তিনি। সরকারের দেওয়া আর্থিক সাহায্য তাঁরা নেবেন কিনা, তা আলোচনা করে তাঁরা ঠিক করবেন বলে জানিয়েছেন। উল্লেখ্য, মধ্যশিক্ষা পর্ষদের সামনে অনশন চালিয়ে যাচ্ছেন চার শিক্ষাকর্মী। সরকার তাঁদের দাবি না মানলে অনশন প্রত্যাহার করা হবে না বলে তাঁরা জানিয়েছেন।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি STEA, শিক্ষাকর্মীদের 'ভাতা' র পরিবর্তে যোগ্যদের চাকুরি বহাল রাখা ও পুরো বেতনের দায়িত্ব সরকারকে নেওয়ার দাবি জানিয়েছে। গতকাল এক বিবৃতিতে সংগঠনের সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন, রাজ্য সরকার ও শাসকদলের চূড়ান্ত দুর্নীতির কারণে চাকরিহারা শিক্ষাকর্মীদের জন্য আর্থিক সাহায্যের যে ঘোষণা হয়েছে তা চূড়ান্ত বিভ্রান্তিকর ও অসম্মানজনক। আগামীদিনে শিক্ষক-শিক্ষাকর্মীদের বৃহত্তর আন্দোলন গড়ে তোলার আবেদন জানান তিনি।

------------------------

রাজ্য সরকারের ভূমিকার সমালোচনা করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাস বলেন, চাকরিহারাদের ভাতা দিতে হলে সুপ্রিম কোর্টের সঙ্গে কথা বলেই করা উচিত।

বাইট

দুর্নীতি করে চাকরি কেড়ে নিয়ে সরকারি কর্মীদের মুখ্যমন্ত্রী ভাতাজীবি করে দিলেন বলে মন্তব্য করেছেন সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী।

বাইট

------------------------

মমতা ব্যানার্জীর সরকার ভোটব্যাঙ্কের স্বার্থে মুসলমান এবং রোহিঙ্গাদের তোষণ করছে বলে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং অভিযোগ করেছেন। গতকাল কলকাতায় জুট হাউসে নবনির্মিত জুট বেলার্স অ্যাসোসিয়েশন হলের উদ্বোধন করে তিনি একথা বলেন।

বাইট

১৭০ বছরের পুরনো ঐতিহ্যবাহী এই ভবনের সংস্কার প্রসঙ্গে তিনি বলেন, এই ভবন ভারতের চট শিল্পের গৌরবময় ইতিহাসের একটি অংশ। এর নবনির্মাণের অংশীদার হতে পেরে বস্ত্রমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের -

এর ১২১ তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচারতরঙ্গ এবং www.newsonair.com ওয়েবসাইটও মোবাইল অ্যাপেও বেলা ১১ টা থেকে মন-কি-বাত শোনা যাবে। AIR, DD নিউজ, প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে তা শোনা যাবে।

হিন্দী ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় মন-কি-বাত সম্প্রচারিত হবে। রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় তর্জমা পুনঃসম্প্রচারিত হবে।

------------------------

বৃহৎ শিল্পে বিনিয়োগ বৃদ্ধি সহ শিল্প সংস্থাগুলিকে আর্থিক সুরাহা দেওয়ার লক্ষ্যে রাজ্য সরকার নতুন শিল্পনীতি তৈরির সিদ্ধান্ত নিয়েছে। এই লক্ষ্যে বিভিন্ন শিল্প সংগঠন ও বণিক সভাগুলিকে আগামী বুধবারের মধ্যে তাদের মতামত জানাতে বলেছে শিল্প উন্নয়ন দপ্তর। সবকিছু খতিয়ে দেখে রাজ্য সরকার তাদের সঙ্গে একবার আলোচনায় বসতে পারে বলে জানা গিয়েছে। উল্লেখ্য রাজ্যে ক্ষুদ্র ছোট ও মাঝারি শিল্পের জন্য আলাদা নীতি থাকলেও বৃহৎ শিল্পের জন্য এখনো কোনো নীতি প্রণয়ন করেনি রাজ্য সরকার।

------------------------

গরমের শুরুতেই রাজ্যের বিভিন্ন জেলায় জলস্তর নামতে শুরু করেছে। এই অবস্থায় কোথাও যাতে পানীয় জলের সংকট তৈরি না হয় সেজন্য আগাম সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার। জঙ্গলমহল সহ বেশ কিছু জেলার জেলাশাসকদের এই মর্মে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্য সচিব মনোজ পন্থ। জল স্বপ্ন প্রকল্পের কাজ ত্বরান্বিত করারও নির্দেশ দেওয়া হয়েছে। যেসব এলাকায় মাটির তলার জলস্তর নামতে শুরু করেছে সেইসব অঞ্চলের নামের তালিকা তৈরি করা হয়েছে। জনস্বাস্থ্য কারিগরি দফতরের সহায়তায় সেখানে পাঠানো হবে অতিরিক্ত পানীয় জলের ট্যাঙ্ক।

খারাপ হয়ে পড়া পানীয় জলের কল দ্রুত মেরামতির কথাও বলা হয়েছে জেলাশাসকদের।

------------------------

অচিরাচরিত উৎস থেকে ২০৩০ সালের মধ্যে ৩ লক্ষ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য করেছে ভারত সরকার। রাজ্য সরকারের উদ্যোগে সম্প্রতি পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়ে শুরু হওয়া সৌর বিদ্যুৎ কেন্দ্র ও আরো কিছু এরকম বিদ্যুৎ কেন্দ্র তৈরীর ক্যাবিনেটের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন বিজ্ঞানীরা।

একটি প্রতিবেদন।

-----------------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি এবং অনুকুল পরিস্থিতির কারণে রাজ্যের বেশ কয়েকটি জেলায় বজ্র বিদ্যুত্ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় সম্ভাবনা রয়েছে শিলাবৃষ্টিরও।

অন্যদিকে ভারি বর্ষণ হতে পারে উত্তরবঙ্গের ৫ জেলায়। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে একথা জানিয়েছেন।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে আড়াই ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

গতকাল রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে বিক্ষিপ্তভবে ঝড়বৃষ্টির খবর মিলেছে।

-----------------------

ইডেনে গতরাতে কলকাতা নাইট রাইডার্স ও পাঞ্জাব কিংসের মধ্যে ম্যাচটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়েছে। এই ম্যাচে দুটি দলই এক পয়েন্ট করে পেয়েছে।

----------------------- -----------------------